Case Study (4)

*নিচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ:*

আলো আর ছায়া। এই দুটি শব্দের সাথে আমরা পরিচিত। আলো আছে বলেই ছায়া আছে। আলোর উপস্থিতি তে কোনো জিনিসে আলো বাধা পেয়ে যে অন্ধকার অংশ তৈরি হয় তাই হলো ছায়া। আলোর উৎস তো অনেক প্রকার, তার মধ্যে প্রধান হলো সূর্য। সূর্য একটি নক্ষত্র, যা একটি জ্বলন্ত আগুনের গোলা।

১) ছায়া তৈরি হতে গেলে কোনটির প্রয়োজন নেই?

ক) আলো

খ) রোদ

গ) বাতাস

ঘ) জিনিস

২) এদের মধ্যে কার নিজের আলো নেই?

ক) সূর্য

খ) অন্ধকার

গ) মোমবাতি

ঘ) নক্ষত্র

৩) ছায়া কেনো হয়?

ক)আলো আছে বলে

খ) অন্ধকার আছে বলে

গ) আমরা দেখতে পাই বলে

ঘ) কোনো জিনিসে আলো বাধা পায় বলে

৪) এদের মধ্যে কার ছায়া তৈরি হবেনা বলে তোমাদের মনে হয়?

ক) মানুষ

খ) ব্যাগ

গ) বই

ঘ) সূর্য

৫)নিচের কোন অবস্থায় ছায়া তৈরি হবে না?

ক) আলো ও বস্তু থাকলে

খ) আলো না থাকলে

গ) বস্তু আলোর সামনে থাকলে

ঘ) সূর্যের আলো থাকলে